

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬০৪০

তারিখঃ ১৪ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
২৯ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

শিশুশ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, ১৬ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ মহান বিজয় দিবস, শীতকালীন অবকাশ ও যিশু খ্রিস্টের জন্মদিন (২৫ ডিসেম্বর ২০২০ খ্রি:) উপলক্ষে আগামী ১৬/১২/২০২০ খ্রিস্টাব্দ বুধবার হতে ৩১/১২/২০২০ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার পর্যন্ত বিদ্যালয়ের অনলাইন শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। একই সাথে সংশ্লিষ্ট সবাইকে নিম্নোক্ত বিষয়গুলো খেয়াল রাখার জন্য অনুরোধ করা হলো।

১। ০৩/০১/২০২১ খ্রিস্টাব্দ রবিবার থেকে একাদশ ও দ্বাদশ শ্রেণির অনলাইন শ্রেণিকার্যক্রম বর্তমান জুম রুটিন অনুসারে শুরু হবে।

২। ২০২১ শিক্ষাবর্ষের শিশুশ্রেণি থেকে ৮ম এবং দশম শ্রেণির অনলাইন শ্রেণিকার্যক্রম সরকারি নির্দেশনা অনুযায়ী নোটিশের মাধ্যমে জানানো হবে।

৩। ২০২১ শিক্ষাবর্ষের নবম শ্রেণির শিক্ষার্থীদেরকে বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে বিভাজনের পর অনলাইন শ্রেণিকার্যক্রম এর সময়সূচি নোটিশের মাধ্যমে জানানো হবে।

৪। এসএসসি পরীক্ষা-২০২১ এর শিক্ষার্থীদের ২ সেট বিশেষ অনুশীলন (MCQ ৫০টি) এর সিলেবাস ও রুটিন নোটিশের মাধ্যমে জানানো হবে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬০৪০

তারিখঃ ১৪ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
২৯ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী
২. সম্মানিত সমন্বয়কারীবৃন্দ ১। ২। ৩। ৪। ৫।
৩. সহকারি হিসাবরক্ষণ কর্মকর্তা
৪. ওয়েব সাইট (www.udayan.edu.bd)
৫. নোটিশ বোর্ড